জগতের পুরোহিত তুমি– তোমার এ জগৎ-মাঝারে
এক চায় একেরে পাইতে, দুই চায় এক হইবারে ।
ফুলে ফুলে করে কোলাকুলি,  গলাগলি অরুণে উষায় ।
মেঘ দেখে মেঘ ছুটে আসে,  তারাটি তারার পানে চায় ।
পূর্ণ হল তোমার নিয়ম,  প্রভু হে, তোমারি হল জয়–
তোমার কৃপায় এক হল  আজি এই যুগলহৃদয় ।
যে হাতে দিয়েছ তুমি বেঁধে  শশধরে ধরার প্রণয়ে
সেই হাতে বাঁধিয়াছ তুমি  এই দুটি হৃদয়ে হৃদয়ে ।
জগত গাহিছে জয়-জয়,  উঠেছে হরষকোলাহল,
প্রেমের বাতাস বহিতেছে– ছুটিতেছে প্রেমপরিমল ।
পাখিরা গাও গো গান,  কহো বায়ু চরাচরময়–
মহেশের প্রেমের জগতে  প্রেমের হইল আজি জয় ॥

---

Parjaay: Anushthanik, Taal: Ektaal, Raag: Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail